

আমাদের সময়

তারিখ... 0.8.SEP.2015...

পৃষ্ঠা... ২... কলাম... ৪...

আজ আন্তর্জাতিক সাক্ষরতা দিবস

আমাদের সময় ডেস্ক •
আন্তর্জাতিক সাক্ষরতা দিবস আজ।
দিবসটির এবারের প্রতিপাদ্য
সাক্ষরতা আর উদ্ভূততা। টেকসই
স্ববাজার, বৃদ্ধকথা। দিবসটি উপলক্ষে
বাণী দিয়েছেন রাষ্ট্রপতি মো. আবদুল
হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এ
ছাড়া সারা দেশে বিভিন্ন সরকারি-
বেসরকারি প্রতিষ্ঠানে পালিত হচ্ছে
নানা কর্মসূচি। বাসস।
বাণীতে রাষ্ট্রপতি বলেন, আর্থ-
সামাজিক উন্নয়নে শিক্ষা অপরিহার্য।
শিক্ষার হার, উন্নয়নের মাপকাঠিও
বটে। যে জাতি যত বেশি শিক্ষিত, সে
জাতি তত বেশি উন্নত। বর্তমান
সরকার শিক্ষার প্রসার ও
নিরক্ষরতামুক্ত বাংলাদেশ গড়তে
দৃঢ়প্রতিজ্ঞ এবং সে লক্ষ্য সামনে
রেখেই শিক্ষানীতি ২০১০ প্রণয়ন
করেছে। এবারের আন্তর্জাতিক
সাক্ষরতা দিবসের প্রতিপাদ্য
বাংলাদেশের আকাঙ্ক্ষা ও প্রত্যয়ের
অভিব্যক্তির সঙ্গে সামঞ্জস্যপূর্ণ।